



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

২৪ বৈশাখ, ১৪২৫ বঙ্গাব্দ

স্মারক নং ৫৭.১৭.০০০০.২০০.৯৯.০০৪.১৭.১২

তারিখঃ ০৭ মে, ২০১৮ খ্রিঃ

বিষয়ঃ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় পর্যায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৫৭তম জন্মবার্ষিকী এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১১৯তম জন্মবার্ষিকী উদযাপন প্রসঙ্গে।

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭-২৫১, তারিখঃ ০৭ মে, ২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় পর্যায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৫৭তম জন্মবার্ষিকী এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১১৯তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে নিম্নরূপ কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

কর্মসূচি
দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে রবীন্দ্র জন্মবার্ষিকী উদযাপন: ঢাকাসহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে বিশ্বকবির জন্মবার্ষিকী আবশ্যিকভাবে উদযাপন করবে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারী করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে জন্মবার্ষিকী উদযাপনের বিষয়টি নিশ্চিত করবে।
দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে নজরুল জন্মবার্ষিকী উদযাপন: ঢাকাসহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে জাতীয় কবির জন্মবার্ষিকী আবশ্যিকভাবে উদযাপন করবে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারী করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে জন্মবার্ষিকী উদযাপনের বিষয়টি নিশ্চিত করবে।

এমতাবস্থায়, কারিগরি শিক্ষা বোর্ডের সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠান সমূহে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৫৭তম জন্মবার্ষিকী এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১১৯তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে উপর্যুক্ত কর্মসূচীর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল।

বিষয়টি অতীব জরুরি।

স্বাক্ষরিত/-

(মোঃ আক্তারউজ্জামান)

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭।

বিতরণঃ

- ১। অধ্যক্ষ.....।
- ২। প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট.....।
- ৩। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হল)।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ঢাকা।
- ৫। অফিস নথি।